**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 24.05.2024** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফায় রাজ্যের ৮ টি আসনে আগামীকালের ভোটগ্রহণের জন্য সমস্ত প্রস্তুতি সম্পূর্ণ।

অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে মোয়তায়েন করা হচ্ছে ৯১৯ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী।

২) ভোটের আগে এক মহিলা বিজেপি কর্মীর খুনের ঘটনা উত্তপ্ত নন্দীগ্রামে ঐ দলেরই এক নেতাকে পুলিশ গ্রেপ্তার করেছে।

৩) সপ্তম দফা ভোটের আগে কলকাতা পুলিশ মঙ্গলবার থেকে ১৪৪ ধারা জারি করছে। এই দফায় জমে উঠেছে ভোটের প্রচার।

৪) মধ্য বঙ্গোপসাগরের ওপর সৃষ্ট গভীর নিম্নচাপ আগামীকাল সকাল নাগাদ ঘূর্ণিঝড়ের রূপ নেবে। রাতের মধ্যে সেটি পরিণত হবে অতি প্রবল ঘূর্ণিঝড় রেমালে।

ষষ্ঠ দফার ভোটে এর তেমন কোনো প্রভাব না পড়লেও রবিবার উপকূলবর্তী দুই ২৪ পরগণা সহ বিভিন্ন জেলায় অতি ভারি বৃষ্টির সতর্কতা জারি।

-----------------------------------------------------------------------------------------------------

------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফায় পশ্চিমবঙ্গ সহ সাতটি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ৫৮ টি আসনে আগামীকালের ভোটগ্রহণের জন্য সমস্ত প্রস্তুতি সম্পূর্ণ। এই রাজ্যে পুরুলিয়া, বাঁকুড়া, বিষ্ণুপুর, মেদিনীপুর, ঝাড়গ্রাম, কাঁথি, তমলুক ও ঘাটাল এই ৮টি আসনে ভোট গ্রহণ শুরু সকাল সাতটায়। চলবে সন্ধ্যে ছটা পর্যন্ত। ভোটকর্মীরা ইতোমধ্যেই নির্ধারিত বুথগুলিতে পৌঁছে গেছেন। এই দফায় ১ কোটি ৪৫ লক্ষেরও বেশি ভোটদাতা ৭৯ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন।

এ রাজ্যে ১৫ হাজার ৬০০ টি ভোট কেন্দ্রের মধ্যে ২ হাজার ৬৭৮ টি-কে সংকটপ্রবণ হিসাবে চিহ্নিত করা হয়েছে।

অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে কঠোর নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। এই দফায় নির্বাচন কমিশন সবচেয়ে বেশি ৯১৯ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করেছে। পূর্ব ও পশ্চিম মেদিনীপুরের ওপর কমিশন বিশেষ নজর দিচ্ছে। সবচেয়ে বেশি বাহিনী মোতায়েন করা হয়েছে পূর্ব মেদিনীপুরে ২৩৭ কোম্পানী।

নন্দীগ্রামে দুষ্কৃতী হামলায় এক বিজেপি কর্মকর্তার মায়ের মৃত্যুর পর সেখানে বাড়তি নজরদারির ব্যবস্থা করা হচ্ছে। শুধুমাত্র নন্দীগ্রামের জন্যই থাকছে ১৬ কোম্পানি বাহিনী। এছাড়া যেকোনোরকমের অপ্রীতিকর ঘটনার প্রেক্ষিতে চটজলদি ব্যবস্থা নিতে ৮৯২ সেকশন কুইক রেস্পন্স টিম (কিউ আর টি) মোতায়েন করা হচ্ছে। রাজ্য পুলিশও থাকবে প্রায় ৩০ হাজার।

রাজ্য প্রশাসনের পক্ষ থেকে সংশ্লিষ্ট জেলা পুলিশ সুপারদের রাফের পাশাপাশি ইএফআর মোতায়েন করারও নির্দেশ দেওয়া হয়েছে।

কমিশন সূত্রে জানা গেছে, বুথের ভেতর রাজনৈতিক দলের এজেন্ট এমনকি ভোটারদেরও মোবাইল নিয়ে প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। আগেও এই নির্দেশ জারি

থাকলে অন্য দফার ভোটে এব্যাপারে কিছুটা শৈথিল্য দেখা দেয়। সেকারণে এবার আরও কড়া নির্দেশ জারি করা হচ্ছে।

বুথের একশো মিটারের মধ্যে কোনোরকমের জমায়েত এবং সাইকেল নিয়ে প্রবেশের ওপরেও আরোপ করা হয়েছে নিষেধাজ্ঞা।

ঘূর্ণিঝড়ের আশঙ্কার কথা মাথায় রেখে বিকল্প বিদ্যুতের ব্যবস্থা রাখার নির্দেশ দিয়েছে কমিশন। বিদ্যুৎ বিভ্রাট যাতে কোনোভাবেই ভোট প্রক্রিয়ায় প্রভাব ফেলতে না পারে সেজন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসনকে বাড়তি সতর্ক থাকতে বলা হয়েছে।

এদিকে বাঁকুড়ায় ভোটকেন্দ্রে যাওয়ার আগেই এক ভোটকর্মী তীব্র গরমে অসুস্থ হয়ে পড়েন। শান্তিনাথ ব্যানার্জী নামে ঐ ব্যক্তিকে খাতড়া মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে।

বাঁকুড়ার ভোট নিয়ে আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন,

ভয়েসকাস্ট

ভোটের আগের দিন ঘাটাল লোকসভা কেন্দ্রের অধীন দাসপুরে নাকা চেকিং-এ উদ্ধার হয় ২৪ লক্ষ টাকা। আজ সকালে খাকুরদহ এলাকায় নাকা চেকিং চলাকালীন প্রশান্ত বেড়া নামে এক বিজেপি নেতার গাড়ি থেকে এই টাকা উদ্ধার হয়েছে। তাকে জেরা করা হচ্ছে।

পুরুলিয়া জেলায় ভোটের প্রস্তুতি নিয়ে আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

-----------------------

ভোটের আগে এক মহিলা বিজেপি কর্মীর খুনের ঘটনায় উত্তপ্ত নন্দীগ্রামে ঐ দলেরই এক নেতাকে গ্রেপ্তার করল পুলিশ। নন্দীগ্রাম এক নম্বরের বিজেপি মন্ডল

সভাপতি ধনঞ্জয় ঘড়াকে, তমলুকের বিজেপি প্রার্থীর মনোনয়ন পেশের দিন অশান্তির ঘটনায় গ্রেপ্তার করা হয়েছে বলে খবর।

অন্যদিকে, নন্দীগ্রামের ঘটনা নিয়ে রাজনৈতিক চাপান উতোরের মধ্যেই পশ্চিম মেদিনীপুরের কেশপুরের দায়িত্বপ্রাপ্ত বিজেপি নেতা তন্ময় ঘোষকে পুলিশ গ্রেপ্তার করেছে। মঙ্গলবার রাতে তন্ময়ের মেদিনীপুরের বাড়িতে হানা দিয়েছিল পুলিশ। ঘাটাল লোকসভা কেন্দ্রে ভোটের আগে এই গ্রেপ্তার রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে বিজেপি অভিযোগ করেছে।

এদিকে, বুধবার রাতে সোনাচূড়ার মনসাবাজার এলাকায় দুষ্কৃতীদের হাতে মহিলা বিজেপি কর্মী রথিবালা আড়ি নিহত এবং তাঁর ছেলে সঞ্জয় সহ ৭'জন জখম হবার ঘটনায় হামলাকারীদের এখনো ধরা যায়নি।

----------------------

আগামী পয়লা জুন সপ্তম দফা ভোটের আগে কলকাতা পুলিশ নিরপাত্তা জোরদার করতে বিশেষ ব্যবস্থা নিচ্ছে। এজন্য মঙ্গলবার থেকে মহানগরীতে ১৪৪ ধারা জারি করারও সিদ্ধান্ত নিয়েছে তারা।

এদিকে, এই দফার ভোটের প্রচার আরও জোরদার হয়ে উঠেছে।

তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ দক্ষিণ ২৪ পরগণার মথুরাপুর ও জয়নগর লোকসভা কেন্দ্রের প্রার্থীদের হয়ে তিনটি জনসভা করেন। ভোটের আগে বিভিন্ন জায়গায় বিজেপি কোটি কোটি টাকা ঢোকাচ্ছে বলে অভিযোগ করেন তৃণমূল নেত্রী।

বিজেপি এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকেও তিনি আক্রমণের নিশানা করেন।

বাইট

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ বসিরহাটের বিজেপি প্রার্থীর সমর্থনে এক জনসভায় ভাষণ দেন। সন্দেশখালিতে তৃণমূল কংগ্রেস, অপরাধীদের আশ্রয় দিচ্ছে এই অভিযোগ করে তিনি ভোটদাতাদের নির্ভয়ে গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করার আহ্বান জানিয়েছেন।

বাইট

-----------------------

ভোট পরবর্তী হিংসা সামাল দিতে নির্বাচনের পরেও রাজ্যে থাকবে ৩২০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। গত বিধানসভা নির্বাচনের পর রাজ্য জুড়ে হিংসায় ৬০ জনেরও বেশি বিরোধী কর্মী নিহত হন। আহত হন শতাধিক। এ ঘটনার পুনরাবৃত্তি আটকাতেই এই সিদ্ধান্ত বলে জানা গেছে।

-----------------------

মধ্য বঙ্গোপসাগরের ওপর সৃষ্ট গভীর নিম্নচাপ ক্রমশ উত্তর-উত্তর-পূর্ব দিকে অগ্রসর হচ্ছে। এটি আরও ঘনীভূত হয়ে আগামীকাল সকাল নাগাদ ঘূর্ণিঝড়ের রূপ নেবে বলে আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে। আগামীকাল রাতের মধ্যে সেটির আরও শক্তি বাড়িয়ে অতি প্রবল ঘূর্ণিঝড়ে পরিণত হওয়ার সম্ভাবনা। রবিবার মধ্যরাতের আশেপাশে সাগরদ্বীপ ও খেপুপাড়ার মাঝামাঝি বাংলাদেশ এবং সংলগ্ন পশ্চিমবঙ্গ উপকূল অতিক্রম করবে এই অতিপ্রবল ঘূর্ণিঝড় রেমাল।

তবে আগামীকাল ষষ্ঠ দফার ভোটে রেমালের কোনো প্রভাব পড়বেনা বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন। অবশ্য রবিবার উপকূলবর্তী দুই ২৪ পরগণায় অতি ভারি বৃষ্টির লাল সতর্কতা জারি করা হয়েছে।

বৃষ্টিপাতের পরিমাণ ২০০ মিলিমিটারের বেশি হতে পারে। দুই ২৪ পরগণায় ঝড়ের গতিবেগ ১০০ কিলোমিটার ছাড়িয়ে যাবে বলেও সোমনাথ বাবু জানান।

বাইট

সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের আজ থেকে ২৭ শে মে সকাল পর্যন্ত সমুদ্রে পাড়ি না দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

---------------------

এদিকে ঘূর্ণিঝড়ের ধাক্কা সামলাতে সকাল থেকে প্রস্তুতি নিতে শুরু করেছে রাজ্য প্রশাসন। কেন্দ্রীয় কেবিনেট সচিব রাজীব গৌবা আজ মুখ্য সচিবের সঙ্গে বৈঠক করেন। সব রকম সহযোগিতারও আশ্বাস দেন তিনি।

---------------------

কলকাতা মেট্রো রেলের ব্লু লাইনে আজ থেকে রাতে পরীক্ষামূলকভাবে বিশেষ মেট্রো পরিষেবা চালু হতে চলেছে। সোমবার থেকে শুক্রবার রাত ১১টায় আপ ও ডাউনে দুটি লাইনেই কবি সুভাষ ও দমদম স্টেশন থেকে এই মেট্রো পরিষেবা পাওয়া যাবে। দুটি ক্ষেত্রেই যাত্রাপথের সমস্ত স্টেশনে ট্রেন থামবে। প্রতিটি স্টেশনে এজন্য একটি করে টিকিট কাউন্টার টোকেন ও স্মার্ট কার্ড বিক্রির জন্য খোলা থাকবে বলে মেট্রো রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন।

---------------------

কলকাতায় এসে বাংলাদেশের আওয়ামি লিগ সাংসদ আনোয়ারুল আজিম আনারের খুন হয়ে যাওয়ার ঘটনায় ধৃত জিহাদ হাওলাদারকে বারাসাত আদালত ১২ দিনের সিআইডি হেফাজতে পাঠিয়েছে। কড়া পাহারায় তাকে আজ আদালতে নিয়ে আসা

হয়। পেশায় কসাই জিহাদকে পরিকল্পনামাফিক এই খুনের জন্যই কলকাতায় আনা হয়েছিল বলে জানতে পেরেছেন তদন্তকারীরা। নিউটাউনের আবাসনের ফ্ল্যাটে শ্বাসরোধ করে খুন করার পর সাংসদের দেহ কুচি কুচি করে কেটে বিভিন্ন জায়গায় ছড়িয়ে দেওয়ার কথা জানতে পেরে গতরাতে দক্ষিণ ২৪ পরগণার ভাঙরের পোলেরহাট থানা এলাকায় জিরানগাছা খালে তল্লাশি চালায় পুলিশ। তবে কোনো দেহাংশ মেলেনি। এই ঘটনায় এখনও পর্যন্ত বাংলাদেশে ধরা পড়েছে তিন জন।

-----------------------

ইস্টবেঙ্গল জে সি মুখার্জী ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে উঠেছে। সল্টলেকে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কমপ্লেক্সে আজ প্রি কোয়ার্টার ফাইনালে ইস্টবেঙ্গল ৪৬ রানে কলকাতা পুলিশ ক্লাবকে পরাজিত করেছে।

----------------------- -----------------------